# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

## Daily Live Exam English Literature-02

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

Which sonnet sequence by Spenser celebrates his courtship and marriage?

A. Epithalamion

B. Amoretti ✔

C. Astrophil and Stella

D. Hero and Leander

**Solution:**
'Amoretti' (1595) হলো একটি সনেট সিরিজ, যেখানে Spenser তাঁর প্রেমিকা Elizabeth Boyle এর সঙ্গে প্রেম ও বিয়ের গল্প তুলে ধরেছেন। এতে ৮৯টি সনেট রয়েছে।

Question 2

Which of the following was a member of the 'University Wits'?

A. William Shakespeare

B. John Milton

C. Robert Greene ✔

D. George Chapman

**Solution:**
সপ্তদশ শতকে রানি এলিজাবেথের সময়ে Oxford এবং Cambridge এর একদল নাট্যকার ও পুস্তিকা লেখকদেরকে University Wits বলা হয়। তাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন- Christopher Marlowe, Thomas Kyd, Robert Greene, George Peele, Thomas Nashe, John Lyly, Thomas Lodge. William Shakespeare ছিলেন সমসাময়িক, তবে এই গোষ্ঠীর সদস্য নন।

Question 3

The Alchemist, a satirical comedy, is the work of:

A Ben Jonson ✔

B Thomas Middleton

C John Webster

D Francis Beaumont

**Solution:**
বেন জনসনের The Alchemist (১৬১০) একটি কৌতুক নাটক যা লোভ ও প্রতারণাকে বিদ্রূপ করে। তিনি শেক্সপিয়রের সমসাময়িক ছিলেন।

Question 4

What is the full name of the tragedy ‘Dr. Faustus’?

A The Tragical History of the Life and Death of Doctor Faustus ✔

B The Tragedy of Doctor Faustus

C History of Doctor Faustus

D Doctor Faustus and His Fate

**Solution:**
The Tragical History of the Life and Death of Doctor Faustus, যাকে সংক্ষেপে বলে Doctor Faustus, Christopher Marlowe রচিত একটি Elizabethan যুগের নাটক (Moral Play)। এই নাটকের প্রধান চরিত্র Faustus হলো একজন জার্মান Scholar যে তার জীবন নিয়ে বিতৃষ্ণ। সে মনে করে জাদুবিদ্যার মাধ্যমে নিজ অবস্থার পরিবর্তন সম্ভব এবং এ সংকল্পে সে জাদু শিক্ষার জন্য Mephistopheles নামক এক demon কে হাজির করে।

Question 5

The drama “A Midsummer Night’s Dream” is written by-

- A Thomas More
- B Francis Bacon
- C W. Shakespeare ✔
- D Christopher Marlowe

**Solution:**
William Shakespeare ছিলেন একজন ইংরেজ নাট্যকার, কবি এবং অভিনেতা। তাঁকে ইংরেজি ভাষার সর্বশ্রেষ্ঠ লেখক এবং বিশ্বের সর্বকালের সেরা নাট্যকার হিসাবে বিবেচনা করা হয়। তাঁকে ইংল্যান্ডের জাতীয় কবির (National Poet of England) মর্যাদা দেওয়া হয়েছে। এছাড়াও তিনি তাঁর নাট্য রচনায় অবিশ্বাস্য সাফল্যের জন্য The Greatest Dramatist, The Greatest Superstar of the World, The Swan of Avon, Bard of Avon এবং The King without Crown উপাধিতে ভূষিত। Literary Work: As You Like It, A Midsummer Night's Dream, Measure for Measure, The Merchant of Venice, Much Ado About Nothing, Coriolanus, Cymbeline, Hamlet, King Lear, Macbeth, Othello.

Question 6

## 'Every Man in His Humour' is the best work of-

- A John Donne
- B Ben Jonson ✔
- C George Herbert
- D John Webster

**Solution:**
Comedy of Humours ধারার ইংরেজি নাটককে Jonson ই পরিচিতি ঘটিয়েছিলেন, তাই তাঁকে Father of Comedy of Humours বলা হয়। Comedy of Humour এর ধারণা তৎকালীন Medical Theory এর সাথে জড়িত। Literary Work: A Tale of Tub (Comedy), Every Man out of His Humour, The Silent Woman or Epicoene, Every Man in His Humour, Volpone, The Alchemist, The Isle of Dogs (Comedy).

Question 7

## Christopher Marlowe was a writer of -

- A Commonwealth period
- B Caroline period
- C Jacobean period

D Elizabethan period ✔

**Solution:**
Christopher Marlowe ছিলেন Elizabethan period-এর একজন বিখ্যাত নাট্যকার ও কবি। তাকে বলা হয় The Father of English Drama/Tragedy কারণ তিনিই ইংরেজি নাটকে blank verse (অমিত্রাক্ষর ছন্দ)-এর প্রথম সফল ব্যবহার করেন। তাঁর নাটকগুলো যেমন Doctor Faustus, Tamburlaine, The Jew of Malta প্রভৃতিতে রেনেসাঁ যুগের মনোভাব, মানবিক উচ্চাকাঙ্ক্ষা ও জ্ঞানের প্রতি তীব্র আকর্ষণ ফুটে উঠেছে। তার রচনাসমূহ Elizabethan নাট্যজগতকে গভীরভাবে প্রভাবিত করে।

Question 8

We find the utterance ‘Frailty, thy name is woman’ in the writing of-

A W. Shakespeare ✔

B Francis Bacon

C Christopher Marlowe

D Ben Johnson

**Solution:**
Shakespeare এর লিখিত দীর্ঘতম নাটক Hamlet। এই ট্র্যাজেডিকে নাট্যকারের শ্রেষ্ঠ কীর্তি হিসেবেও বিবেচনা করেন অনেকে। ডেনমার্কের Elsinore দুর্গে Hamlet এর বাল্যবন্ধু Horatio ও দুর্গ প্রহরীরা একটি ভূত দেখতে পায়। তাদের ধারণা ভূতটি Hamlet এর বাবা সদ্য প্রয়াত রাজার। সেই ভূত কিছুক্ষণ পর পুত্র Hamlet এর সামনেও উপস্থিত হয়। Hamlet সেই ভূতের কাছে জানতে পারে যে তার চাচা Claudius তার বাবাকে হত্যা করে মা Gertrude এর সাথে সংসার পেতেছে। বাবার মৃত্যুর অল্প কিছু দিনের মাঝেই চাচার সাথে মায়ের বিয়ে সে মেনে নিতে পারেনা। মা-কে দোষারোপ করে সে বলে, “Frailty, thy name is woman!”

Question 9

‘Brutus’ is a famous character of-

A King Lear

B The Tempest

C Julius Caesar ✔

D Hamlet

**Solution:**
Julius Caesar নাটকে Brutus একজন গুরুত্বপূর্ণ চরিত্র যিনি Caesar এর ঘনিষ্ঠ বন্ধু ছিলেন। কিন্তু Cassius ও অন্য সেনেটরদের প্ররোচনায় Brutus বিশ্বাস করে বসেন যে Caesar রোমের জন্য হুমকি হয়ে উঠছেন। তাই Brutus Caesar কে হত্যা করতে রাজি হন। Caesar হত্যা হওয়ার মুহূর্তে যখন দেখে Brutus ও তার উপর ছুরি চালাচ্ছে, তখন তিনি আর্তনাদ করে বলেন: “Et tu, Brute?” অর্থাৎ, “তুমিও, ব্রুটাস?”

Question 10

Shakespeare did not write -

- A All’s Well that Ends Well
- B Measure for Measure
- C Love’s Labour’s Lost
- D Caesar and Cleopatra ✔

**Solution:**
Shakespeare লিখেছেন Julius Caesar ও Antony and Cleopatra, কিন্তু Caesar and Cleopatra নাটকটি George Bernard Shaw-এর রচনা।

Question 11

Who is the writer of ‘Arcadia’?

- A Sir Philip Sidney ✔
- B Francis Bacon
- C Ben Johnson
- D John Milton

**Solution:**
Sir Philip Sidney ছিলেন একাধারে একজন রাজনৈতিক ব্যক্তিত্ব, সৈনিক, কবি এবং সমালোচক (Critic)। অত্যন্ত অভিজাত Sidney পরিবারে জন্মানো এই কবি Elizabeth এর রাজদরবারের অন্যতম গুরুত্বপূর্ণ ব্যক্তিতে পরিণত হন। Literary Work: Astrophel and Stella, The Nightingale, An Apology for Poetry, The Countess of Pembroke’s Arcadia, Ring out Your Bells.

Question 12

The poem “To His Coy Mistress” was written by:

A. Andrew Marvell ✔

B. John Donne

C. George Herbert

D. Henry Vaughan

**Solution:**
To His Coy Mistress- Andrew Marvell. মেটাফিজিক্যাল ধারার এ কবি তার বিখ্যাত কবিতার ‘Coy Mistress’ অর্থে সম্ভবত কাব্য রচনার ক্রিয়াকেই বুঝিয়েছেন।

Question 13

What kind of play is ‘Julius Ceasar’?

A. Romantic

B. Anti-romantic

C. Comedy

D. Tragedy ✔

**Solution:**
William Shakespeare রচিত একটি বিখ্যাত Tragedy হলো ‘Julius Caesar’। এই Tragedy এর কাহিনি ইতিহাস থেকে নেওয়া হয়েছে বলে এটিকে Historical Play ও বলা হয়। এই নাটকের ‘Julius Caesar’ ছিল রোমান সম্রাট যিনি আজ থেকে প্রায় ২০০০ হাজার বছর পূর্বে ৪৬ খ্রিস্টপূর্বাব্দে রোমের সম্রাট হয়েছিলেন।

Question 14

‘Jacobean Period’ of English Literature refers to–

A. 1558-1603

B. 1625-1649

C. 1603-1625 ✔

D. 1649-1660

**Solution:**
ইংরেজি সাহিত্যে Jacobean Period বলতে বোঝায় 1603-1625 সময়কালকে। 1558-1603 সময়কালকে বলা হয় Elizabethan Age, 1625-1649 সময়কালকে বলা হয় Caroline Age; আর Commonwealth Period এর সময়কাল 1649-1660 ।

Question 15

Shakespeare composed much of his plays in what sort of verse?

A Alliterative verse

B Sonnet form

C Blank verse ✓

D Dactylic Hexameter

**Solution:**
Shakespeare তার নাটকে Prose এবং Verse দুটি form-ই ব্যবহার করেছেন। তবে verse-এর ক্ষেত্রে সবচেয়ে বেশি ব্যবহার করেছেন blank verse, যার কোনো rhyme (অন্ত্যমিল) নেই আর কিছু নাটকে ব্যবহার করেছেন iambic pentameter verse অর্থাৎ পাঁচমাত্রার ছন্দবিশিষ্ট লাইন।

Question 16

Othello is a Shakespeare’s play about-

A A Jew

B A Roman

C A Turk

D A Moor ✓

**Solution:**
Shakespeare-এর ‘Othello’ নাটকটির নায়ক Othello একজন Moorish (মূরিশ) সেনাপতি, যিনি ভেনিসে একজন সম্মানিত ব্যক্তি ছিলেন। Moor বলতে আফ্রিকার উত্তর-পশ্চিম অংশের মুসলিম বংশোদ্ভূত লোকদের বোঝানো হয়। Othello ছিল একজন বিদেশি, গাঢ় বর্ণের, এবং নাটকটিতে তার বর্ণ ও জাতিগত পরিচয় গুরুত্বপূর্ণ একটি ভূমিকা পালন করে।

Question 17

‘The Garden’ is a poem written by____.

(A) Robert Herrick

(B) John Lyly

(C) Thomas Nashe

(D) Andrew Marvell ✔

**Solution:**
Metaphysical poet এবং ব্যঙ্গ সাহিত্য রচয়িতা হিসেবে প্রসিদ্ধ Andrew Marvell একজন রাজনীতিবিদও ছিলেন। John Milton এর সহকারী হিসেবে কর্মজীবন শুরু করলেও পরবর্তীতে হয়েছেন কন্সটান্টিনোপল কূটনীতিক। Andrew Marvell এর বেশিরভাগ কবিতা ছিল তৎকালীন রাজতন্ত্রের সমালোচনা, পিওরিটানদের পক্ষে আলোচনা ও শেক্সপিয়রের সমালোচনা বিষয়ক। Marvell এর নিপুণ পরিচর্যা প্রকৃতিপ্রীতির পাশাপাশি তাঁর কবিতায় স্বদেশানুভূতি, ধর্মতত্ত্ব, প্রেম-বিরহ, Humour, Irony, Wit এসবও উঠে এসেছে।
Andrew Marvell এর কিছু বিখ্যাত কবিতা ও রচনা: The Definition of Love: The Nymph Complaining for the Death of Her Fawn, The Garden.
To His Coy Mistress.

Question 18

Which is the first tragic drama in English literature?

(A) Gorboduc ✔

(B) Ralph Rayster Doister

(C) Catiline

(D) Titus Andronicus

**Solution:**
Gorboduc একটি ইংরেজি ট্র্যাজেডি নাটক যাতে প্রথম বারের মতো Blank Verse ব্যবহৃত হয়। নাটকটিতে প্রাচীন ব্রিটেনের একজন পৌরাণিক রাজা Gorboduc ও তার দুই পুত্র, ছোট ভাই Porrex বড় ভাই Ferrex এর মধ্যে সিংহাসনের দ্বন্দ্ব ও সবশেষে উভয়েরই অকালমৃত্যুর উপাখ্যান উঠে এসেছে।

Question 19

“The Devil’s Law Case” is written by-

(A) Robert Herrick

(B) George Chapman

(C) Robert Greene

D John Webster ✔

**Solution:**
John Webster ছিলেন একজন গুরুত্বপূর্ণ Jacobean **নাট্যকার**, যিনি অন্ধকার ও রক্তাক্ত ট্র্যাজেডি রচনার জন্য বিশেষভাবে পরিচিত। The Devil's Law Case হল তাঁর লেখা একটি জটিল এবং নৈতিকভাবে প্রশ্নবিদ্ধ ট্র্যাজেডি নাটক, যেখানে প্রতিহিংসা, প্রতারণা ও আইন-আদালতের নাটকীয় পরিবেশ ফুটে উঠেছে।

Question 20

What is Robert Greene known for besides plays and romances?

A Translation

B Poetry

C Pamphlet writing and criticism ✔

D Grammar writing

**Solution:**
Robert Greene ছিলেন একজন pamphleteer, যিনি সামাজিক ও সাহিত্যিক বিষয়ে সমালোচনামূলক পুস্তিকা লিখতেন। তাঁর একটি বিখ্যাত উক্তি ছিল Shakespeare সম্পর্কে 'an upstart crow'.

Question 21

'To daffodils' gives poignant expression to the inescapable ________ of life on earth.

A permanence

B transience ✔

C beauty

D sadness

**Solution:**
'To Daffodils' কবিতায় রবার্ট হেরিক জীবন ও প্রকৃতির অস্থায়িত্ব (transience) বা ক্ষণস্থায়ীত্বের কথা সুন্দরভাবে প্রকাশ করেছেন। কবিতায় দ্যাফোডিল ফুলের ক্ষুদ্র সময়ের জন্য ফুটে থাকা এবং দ্রুত মারা যাওয়ার বিষয়টি তুলে ধরা হয়েছে। এটি পৃথিবীতে জীবনের অমায়িক ও দ্রুত পরিবর্তনশীল প্রকৃতি বোঝায়।

Question 22

What is the main theme of Doctor Faustus?

A love

B thirst of power ✔

C jealously

D revenge

**Solution:**
Dr Faustus সাহিত্যে একটি Archetypal Character যা উপকথা থেকে উঠে এসে সব যুগের সাহিত্যিক মননে স্থান করে নিয়েছে। আত্মপরিচয়, অর্জন, সামাজিক সম্মান ও প্রতিপত্তি এবং সুখ ও শান্তির মধ্যে চিরকালীন যে দ্বন্দ্ব তার ব্যক্তিক উপস্থাপন হলো ডক্টর ফস্টাস; এজন্য Faustus কে বলা হয় Renaissance Hero। Christopher Marlowe এর অসামান্য প্রতিভা এই চরিত্রের ভিত্তি প্রতিষ্ঠিত করেছিল যা পরবর্তী অজস্র সাহিত্য, চিত্রকর্ম ও সিনেমাকে প্রভাবিত করেছে। Doctor Faustus নাটকের প্রধান থিম হলো ক্ষমতার তীব্র বাসনা (thirst of power)।

Question 23

Who wrote the poem 'The Good Morrow'?

A John Donne ✔

B Sir Philip Sidney

C Thomas Kyd

D John Milton

**Solution:**
ইংরেজি মেটাফিজিক্যাল কাব্যধারার প্রধান কবি John Donne কে প্রায়শ ইংরেজি ভাষার শ্রেষ্ঠ ও জনপ্রিয় কবি হিসেবে বিবেচনা করা হয়। তিনি 1572 সালে একটি রোমান ক্যাথলিক পরিবারে জন্মগ্রহণ করেছিলেন। তিনি ইংরেজি Metaphysical ধারার কাব্যচর্চার অন্যতম প্রধান প্রতিষ্ঠাতা। এইজন্য তাঁকে Father/Leader of Metaphysical Poet হিসেবে আখ্যা দেওয়া হয়। তাঁর কবিতার প্রভাবশালী বৈশিষ্ট্য হলো 'বিস্তৃত রূপকালঙ্কার' যা Conceit নামে পরিচিত। এজন্য তাঁকে Master of Metaphysical Conceit বলা হতো।
The Sun Rising, Be Not Proud, The Good Morrow, The Canonization, Twickenham Garden, The Ecstasy.

Question 24

European Renaissance refers to-

A Religious reforms in Europe

B European conquest of the Americas

C) Regeneration of the arts and literature starting in Italy ✔

D) Unification of certain European states

**Solution:**
European Renaissance বা ইউরোপীয় রেনেসাঁ বলতে বোঝানো হয় চিত্রকলা, ভাস্কর্য, সাহিত্য, বিজ্ঞান ও দর্শনের পুনর্জাগরণ, যার সূচনা হয়েছিল ইতালিতে ১৪শ শতকে। এটি ছিল মধ্যযুগের অন্ধকার যুগের অবসান এবং আধুনিক যুগের সূচনার একটি গুরুত্বপূর্ণ ধাপ। এই আন্দোলনে প্রাচীন গ্রীক ও রোমান সভ্যতার জ্ঞান ও সংস্কৃতিকে নতুনভাবে মূল্যায়ন ও অনুশীলন করা হয়।

Question 25

Shakespeare was famous for all but one of the following-

A) comedies

B) tragedies

C) bourgeoisie drama ✔

D) tragic-drama

**Solution:**
William Shakespeare ছিলেন বিশ্বসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ নাট্যকার, যিনি মূলত তিন ধরনের নাটকে খ্যাতি অর্জন করেছেন:
Comedies (কমেডি) যেমন: Twelfth Night, As You Like It.
Tragedies (ট্র্যাজেডি) যেমন: Hamlet, Macbeth.
Tragic-dramas/ Tragicomedies যেমন: The Winter's Tale, Cymbeline (যেখানে ট্র্যাজেডির পাশাপাশি সুখী সমাপ্তি দেখা যায়)
কিন্তু Bourgeoisie drama বা মধ্যবিত্ত শ্রেণি-কেন্দ্রিক সামাজিক নাটক ছিল না তাঁর রচনার ধরন।

Question 26

'Three Witches' are important characters in-

A) The Way of the World

B) Hamlet

C) Oedipus Rex

D) Macbeth ✔

**Solution:**
Macbeth নাটকটি Shakespeare এর ক্ষুদ্রতম ট্র্যাজেডি। কাহিনি ও মোটিফের ব্যবহারের কারণে এটিও এই মহান নাট্যকারের অন্যতম সেরা কাজ হিসেবে স্বীকৃত। স্কটল্যান্ডের দুই জেনারেল Macbeth ও Banquo একদিন বনে যেতে যেতে তিন ডাইনি বোনের (Witch Sisters) দেখা পান। সেই ডাইনিরা ভবিষ্যদ্বাণী দেন যে Macbeth রাজা হবেন ও Banquo এর সন্তানেরা পরবর্তী রাজা হবেন। ডাইনিরা অদ্ভুত কথা বলেন, Fair is foul, and foul is fair.

Question 27

Who wrote "The Lady of May"?

A. Edmund Spenser

B. Philip Sidney ✔

C. Thomas Wyatt

D. George Herbert

**Solution:**
Sir Philip Sidney-র পরিচয় এবং তাঁর লেখা বিখ্যাত কাজসমূহ যেমন: Astrophel and Stella, The Nightingale, An Apology for Poetry, The Countess of Pembroke's Arcadia, The Lady of May.

Question 28

'Blow, blow, thou winter wind,
Thou art not so unkind
As man's ingratitude;
Thy tooth is not so keen,
Because thou art not seen,
Although thy breath be rude.'
These are a few lines of a poem by a great poet. Who is the poet?

A. J. Webstar

B. C. Marlowe

C. W. Shakespeare ✔

D. Edmund Spenser

**Solution:**
এই উক্তিগুলো Shakespeare এর "As You Like It" (Act 2, Scene 7). নাটকের একটি বিখ্যাত গান থেকে নেওয়া। গানের মাধ্যমে তিনি মানবের কৃতঘ্নতার কথা তুলেছেন, যা শীতের ঠাণ্ডা হাওয়ার থেকেও কটু।

Question 29

‘Reading makes a full man, conference a ready man, writing an exact man’- Who told it?

A. J. Webstar

B. C. Marlowe

C. Edmund Spenser

D. Francis Bacon ✔

**Solution:**
এই উক্তিটি Francis Bacon এর। তিনি ইংরেজি দার্শনিক এবং রাষ্ট্রকর্মী ছিলেন, যিনি জ্ঞানের গুরুত্ব ও তার প্রভাব নিয়ে অনেক কথা বলেছেন। এই বাক্যে তিনি বলেছেন:
পড়া মানুষকে পূর্ণাঙ্গ করে,
আলোচনা মানুষকে প্রস্তুত করে,
লেখালেখি মানুষকে সঠিক করে তোলে।

Question 30

‘I am a Jew. Hath not a Jew eyes? Hath not a Jew hands, organs’ Where is this from?

A. Kins Lear

B. The Merchant of Venice ✔

C. The Jew of Malta

D. Volpone

**Solution:**
এই বিখ্যাত উক্তিটি William Shakespeare এর নাটক The Merchant of Venice থেকে নেওয়া হয়েছে।
এটি নাটকের প্রধান ইহুদি চরিত্র Shylock এর সংলাপ। নাটকের Act 3, Scene 1 এ Shylock এই আবেগঘন বক্তব্যটি রাখে।

Back